গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(সাধারণ শাখা)।
www.bhola.gov.bd

শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলকসভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আজাদ জাহান
জেলা প্রশাসক, ভোলা।
স্থান : জেলা প্রশাসক, ভোলা এর সম্মেলন কক্ষ।
তারিখ : ২৫ নভেম্বর ২০২৪
সময় : বেলা ১১:০০ টা।

[উপস্থিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য]

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি বলেন, ১৯৭১ এর মুক্তিযুদ্ধে চূড়ান্ত বিজয়ের পূর্বে সুপরিকল্পিতভাবে ১৪ ডিসেম্বর বাংলাদেশের প্রথিতযশা ও খ্যাতনামা বুদ্ধিজীবীদের নির্বিচারে হত্যা করে দেশকে মেধাশূন্য করার চক্রান্ত করা হয়। তাঁদের আত্মত্যাগের কথা স্মরণ করে অত্যন্ত গুরুত্বের সাথে দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যপূর্ন পরিবেশে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে এ জেলার কর্মসূচি নির্ধারণের নিমিত্ত সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলাকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে ২১ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।

প্রাপ্ত কার্যবিবরণী এবং গতবছরে ভোলা জেলায় গৃহীত কর্মসূচির উপর সভায় উপস্থিত সকল কর্মকর্তা, জনপ্রতিনিধি, বীরমুক্তিযোদ্ধা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং বিশিষ্ট ব্যক্তিবর্গসহ সকলে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে জেলা প্রশাসন, ভোলা কর্তৃক আয়োজিতব্য শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র:নং	তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	১৪ ডিসেম্বর ২০২৪ সকাল ৯.৩০ টা	জেলা প্রশাসকের কার্যালয়, ভোলায় অবস্থিত মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভ চত্বর এবং তৎপরবর্তিতে শহিদ মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভ, যুগীরঘোল বধ্যভূমি, ভোলায় পুষ্পস্তবক অর্পণ।	পুষ্পস্তবক অর্পন উপকমিটি ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ ভোলা
০২	১৪ ডিসেম্বর ২০২৪ সকাল ১০.০০টা	শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে বিশেষ আলোচনা অনুষ্ঠান। স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ	সংশ্লিষ্ট উপকমিটি
০৩।	১৪ ডিসেম্বর ২০২৪ (সুবিধাজনক সময়ে)	শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা।	বিশেষ মোনাজাত/প্রার্থনা উপকমিটি

সিদ্ধান্তসমূহ:

০১। গৃহীত কর্মসূচির সাথে সমন্বয় করে ভোলা সদর উপজেলা ব্যতীত এ জেলার অন্যান্য উপজেলা নির্বাহী অফিসারগণ নিজ নিজ উপজেলার জন্য কর্মসূচি প্রণয়ন করবেন। ভোলা সদর উপজেলা জেলা প্রশাসনের সাথে একত্রে কর্মসূচি পালন করবে।

০২। জেলা পর্যায়ের সকল সরকারি কর্মকর্তা/কর্মচারী কর্মস্থলে উপস্থিত থেকে শহিদ বুদ্ধিজীবী দিবসের সকল কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করবেন।

০৩। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ভোলা এবং নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লি. ভোলা এবং ভোলা শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ এর সকল কর্মসূচিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন।

০৪। পুলিশ সুপার, ভোলা শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ এর সকল কর্মসূচির সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন।

০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ভোলা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলায় অবস্থিত মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভ চত্বর এবং শহিদ মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভ, যুগীরঘোল বধ্যভূমি পরিষ্কার পরিচ্ছন্ন করাসহ আলোক সজ্জার ব্যবস্থা নিবেন।

০৬। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভোলা শহিদ বুদ্ধিজীবী দিবস উদ্যাপন উপলক্ষ্যে আগত বিভিন্ন শ্রেণির লোকজনের মাঝে সুপেয় পানি সরবরাহ করবেন।

০৭। জেলা তথ্য অফিসার, ভোলা দিবসটির সকল কর্মসূচির ব্যাপক প্রচার ও প্রয়োজনীয় মাইক সরবরাহসহ সার্বিক সহায়তা প্রদান করবেন।

০৮। শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ এর সকল কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত একাধিক উপকমিটি গঠিত হবে। উপকমিটির আহবায়কগণ কমিটির সদস্যদের নিয়ে সভা করে করণীয় ঠিক করবেন। স্ব স্ব উপকমিটির আহ্বায়ক কমিটির প্রয়োজনবোধে আরো সদস্য কোঅপ্ট করতে পারবেন।

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গৃহীত কর্মসূচি অনুযায়ী শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/২৪

মোঃ আজাদ জাহান
জেলা প্রশাসক
ভোলা।
ফোন নং : ০২৪৭৮৮৯৪৪০০
ফ্যাক্স নং : ০২৪৭৮৮৯৪৫২৬
ই-মেইল: dcbhola@mopa.gov.bd

নম্বর: ০৫.১০.০৯০০.০০৩.০১.০০১.২২. ৫৫৯

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১
২৮ নভেম্বর ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪. সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

০৬. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পুলিশ সুপার, ভোলা।

০২. সিভিল সার্জন, ভোলা।

০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা।

০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।

০৫. অধ্যক্ষ, ভোলা সরকারি কলেজ/সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা।

০৬. জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), ভোলা।

০৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।

০৮. সহকারী কমিশনার (ভূমি), (সকল), ভোলা।

০৯. নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা।

১০. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,..।

১১. সভাপতি/ সম্পাদক...।

১২. জনাব/ বেগম,..।

২৮/১১/২০২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ভোলা।

পরিশিষ্ট 'খ' গঠিত উদ্‌যাপন কমিটি ও উপকমিটি:

উদ্‌যাপন কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১.	জেলা প্রশাসক, ভোলা	সভাপতি
০২.	জোনাল কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড, দক্ষিণ জোন, ভোলা	সদস্য
০৩.	কন্টিজেন্ট কমান্ডার, নৌ কন্টিজেন্ট, ভোলা	সদস্য
০৪.	পুলিশ সুপার, ভোলা	সদস্য
০৫.	সিভিল সার্জন, ভোলা	সদস্য
০৬.	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা	সদস্য
০৭.	অধ্যক্ষ, ভোলা সরকারি কলেজ, ভোলা	সদস্য
০৮.	অধ্যক্ষ, সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা	সদস্য
০৯.	জেলা পর্যায়ের দপ্তর প্রধান (সকল), ভোলা	সদস্য

পুষ্পস্তবক অর্পণ উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১.	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা	আহবায়ক
০২.	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ভোলা	সদস্য
০৩.	অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), ভোলা	সদস্য
০৪.	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ভোলা	সদস্য
০৫.	পৌর নির্বাহী কর্মকর্তা, ভোলা পৌরসভা	সদস্য
০৬.	সম্পাদক,জেলা স্কাউট, ভোলা	সদস্য
০৭.	সম্পাদক, রোভার স্কাউট, ভোলা	সদস্য
০৮.	বিএনসিসি, ভোলা সরকারি কলেজ, ভোলা	সদস্য
০৯.	বিএনসিসি, সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা।	সদস্য
১০.	জেলা তথ্য অফিসার, ভোলা	সদস্য
১১.	জনাব মো: রাহিম ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র সমন্বয়ক, ভোলা	সদস্য
১২.	নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা	সদস্যসচিব

আলোচনা সভা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১.	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা	আহবায়ক
০২.	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা	সদস্য
০৩.	অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), ভোলা	সদস্য
০৪.	রেভিনিউ ডেপুটি কালেক্টর, ভোলা	সদস্য
০৫.	ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেভিনিউ মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা	সদস্য
০৬.	নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা	সদস্য
০৭.	জনাব মো: শাহিন (হিমু), বৈষম্য বিরোধী ছাত্র সমন্বয়ক, ভোলা	সদস্য
০৮.	উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা	সদস্য-সচিব

বিশেষ মোনাজাত/প্রার্থনা উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১.	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা	আহবায়ক
০২.	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা	সদস্য
০৩.	সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিক্ষা কার্যক্রম, ভোলা	সদস্য
০৪.	সভাপতি/সম্পাদক, জেলা ইমাম সমিতি, ভোলা	সদস্য
০৫.	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ভোলা	সদস্য-সচিব

২৮/১১/২০২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ভোলা।